ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
রাজশাহী ৬২০৪, বাংলাদেশ।
(টেলিফোন:+৮৮০-৭২১-৭৫০৭৪৮, ফ্যাক্স-:+৮৮০-৭২১-৭৫০৯৩৫)
E-mail: registrar@ruet.ac.bd website: www.ruet.ac.bd

স্মারক নং- ১১৭/৪০

তারিখঃ ২৭ শ্রাবণ, ১৪২৮
১১ আগস্ট, ২০২১

# -ঃ জরুরী বিজ্ঞপ্তি ঃ-

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র/ছাত্রীর অবগতির জন্য জানানো যাইতেছে যে, নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর জন্য উদ্ভূত পরিস্থিতিতে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনার নিমিত্তে গত ০৮/০৮/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ১২০তম (জরুরী) সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে অনলাইন এক্সাম রুলস এন্ড রেগুলেশন নিম্নরূপভাবে প্রণয়ন করা হইল।

ক) অনলাইনে পরীক্ষা গ্রহনের নোটিশ কমপক্ষে ১৫ দিন পূর্বে ছাত্র/ছাত্রীদের অবহিত করিতে হইবে। অনলাইন পরীক্ষার রুটিন নির্ধারিত সময়ে প্রদান করিতে হইবে।

খ) অনলাইনে তত্ত্বীয় পরীক্ষা গ্রহণের জন্য প্রত্যেক ছাত্র/ছাত্রীদের নিকট হইতে নির্ধারিত ফরমে Signed Declaration Form/অনাপত্তি পত্র গ্রহণ করিয়া পরীক্ষা গ্রহণের ০১(এক) সপ্তাহ পূর্বেই স্বস্ব বিভাগীয় প্রধানের নিকট সরবরাহ করিতে হইবে। কোন ছাত্র/ছাত্রী এই ফরম পূরণ না করিলে পরীক্ষার জন্য অযোগ্য বলে বিবেচিত হইবে। ফরম জমাকৃত ছাত্র/ছাত্রীরাই কেবলমাত্র ZOOM অথবা লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম (LMS) এ পরীক্ষার জন্য Registered থাকিবে।

গ) ফাইনাল সেমিষ্টার এর লিখিত পরীক্ষায় প্রতি অনলাইন রুমে সর্বোচ্চ ২০ জন পরীক্ষার্থীর জন্য কমপক্ষে ২ জন প্রত্যবেক্ষক থাকিবে। প্রত্যবেক্ষকগন পরীক্ষার্থীর উপস্থিতি, নড়াচড়ার ভিডিও সার্বক্ষনিক তদারকি এবং রেকর্ড করিবেন। প্রত্যবেক্ষকগন ছাত্র/ছাত্রী কর্তৃক আপলোডকৃত উত্তরপত্র (pdf ফাইলে) সমূহ প্রিন্ট করিবার পর স্বাক্ষর করিয়া প্রধান প্রত্যাবেক্ষকের নিকট জমা প্রদান করিবেন।

ঘ) অনলাইন সেমিস্টার পরীক্ষার নম্বর বন্টন নিম্নরূপ হইবে।

| ক্রমিক নং | বিস্তারিত | নম্বর |
|---|---|---|
| ১। | ক্লাশ উপস্থিতি ও পারফর্মেন্স | ৮ |
| ২। | ক্লাশটেষ্ট | ২০ |
| ৩। | প্রচলিত তিন ঘন্টার পরীক্ষার (পূর্ণমানঃ ৭২) পরিবর্তে ১ ঘন্টা ৩০ মিনিট এর লিখিত পরীক্ষা (পূর্ণমানঃ ৩৬) অনলাইনে ZOOM অথবা LMS এ সম্পন্ন করিতে হইবে। যাহা পরবর্তীতে ৪৮ এ রূপান্তর করা হইবে। লিখিত পরীক্ষায়, প্রতি সেকশনে ৩টি করিয়া মোট ৬টি প্রশ্ন থাকিবে তন্মধ্যে প্রতি সেকশন হইতে ২টি করিয়া মোট ৪টি প্রশ্নের উত্তর প্রদান করিতে হইবে। | ৪৮ |
| ৪। | সাবজেক্টিভ ভাইভা (মৌখিক পরীক্ষা) হইবে ১২ নম্বরের, উহা পরবর্তীতে ২৪ এ রুপান্তর করা হইবে। সাবজেক্টিভ ভাইভার জন্য প্রতি ছাত্রকে নূন্যতম ৫ মিনিট সময় দিতে হইবে। | ২৪ |
| | মোটঃ | ১০০ |

ঙ) পরীক্ষা শুরুর পূর্বে ছাত্র/ছাত্রীরা ভার্চুয়াল ওয়েটিং রুমে থাকিবে। পরীক্ষা শুরুর ১৫ মিনিট আগে পরীক্ষার রুমে যোগদান করিতে পারিবে। তবে কোন ছাত্র/ছাত্রী পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট এর মধ্যে যোগদান করিতে ব্যর্থ হইলে অনুপস্থিতি হিসেবে বিবেচিত হইবে।

চ) পরীক্ষার্থীদের উত্তরপত্র/প্রশ্নপত্র Google Classroom/LMS সিস্টেমে Upload/Download করার ক্ষেত্রে সমস্যা তৈরি হইলে স্ব স্ব অনুষদের ডীন কর্তৃক প্রদত্ত ইমেইলের মাধ্যমে গ্রহণ/প্রদানের ব্যবস্থা করিতে হইবে।

ছ) পরীক্ষা গ্রহণের ০৫ মিনিট পূর্বে সেকশন (A/B) এর প্রশ্নপত্র Google Classroom/Zoom/LMS সিস্টেমে Upload করিতে হইবে।

জ) পরীক্ষার্থীকে রুয়েট প্রদত্ত টপশীট ব্যবহার করিতে হইবে এবং উত্তরপত্রের প্রতি পৃষ্ঠায় নাম, রোল নং এবং পেজ নম্বর লিখিতে হইবে। পেজ নাম্বারিং হইবে এমন যেন উত্তরপত্রে মোট কত পৃষ্ঠা আছে তা জানা যায়। যেমনঃ (১/৭) বলিতে বুঝাইবে উত্তরপত্রে মোট ৭ পৃষ্ঠা আছে এবং এইটি ১ম পৃষ্ঠা। পরীক্ষার্থীকে উত্তরপত্রের জন্য A4 সাইজের কাগজ ব্যবহার করা অত্যাবশ্যক।

ঝ) প্রতি সেকশনের জন্য উত্তরপত্র আলাদা হইবে এবং A ও B সেকশনের উত্তরপত্র আলাদাভাবে স্ক্যান করিয়া নির্দিষ্ট সময়ের মধ্যে আপলোড করিতে হইবে। উত্তরপত্রের ফইলের নাম হইবে এইরূপ (রোলনং-কোর্সনম্বর-উত্তরপত্রের সেকশন.pdf)। যেমন 1603001_CSE1101_A.pdf এবং 1603001_CSE1101_B.pdf। কোন পরীক্ষার্থী নির্ধারিত (১৫ মিনিট) সময়ের মধ্যে উত্তরপত্র Upload করিতে ব্যর্থ হইলে প্রতি ০৫ মিনিট বিলম্বের জন্য নম্বর কাটা যাইবে। নির্ধারিত সময়ের ১০ মিনিট পর উত্তরপত্র Upload গ্রহণ যোগ্য হইবে না।

ঞ) অনলাইনে পরীক্ষা চলাকালীন সময়ে কোন পরীক্ষার্থী করোনা আক্রান্ত হইলে উক্ত পরীক্ষা সমূহ Withdraw করিতে পারিবে। তবে তাহাকে অবশ্যই উপযুক্ত প্রমাণসহ স্ব স্ব বিভাগীয় প্রধানের মাধ্যমে ভাইস-চ্যান্সেলর বরাবর আবেদন করিতে হইবে। আবেদনপত্র গৃহীত হইলে তাহার ব্যাপারে ব্যবস্থা নিতে হইবে। উক্ত পরীক্ষা পরবর্তীতে রেজিষ্ট্রেশন করার মাধ্যমে সম্পন্ন করা যাইতে পারে। তবে সেক্ষেত্রে তাহাকে Withdraw কৃত কোর্সসমূহে পূনরায় ক্লাশ না করিলেও হইবে।

ট) কোন পরীক্ষার্থী অনলাইন পরীক্ষায় অনুপস্থিত থাকিলে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়ম অনুযায়ী ব্যবস্থা নেওয়া হইবে।

ঠ) উত্তরপত্র মূল্যায়নের ক্ষেত্রে রুয়েটে প্রচলিত গ্রেডিং সিস্টেম ব্যবহার করিতে হইবে।

ড) অনলাইনে সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের জন্য অনুষদ ভিত্তিক টেকনিক্যাল কমিটি গঠন করা হইবে।

ঢ) অনলাইন সেমিস্টার ফাইনাল পরীক্ষা চলাকালীন সময়ে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং ইন্টারনেট সংযোগ সচল রাখার ব্যবস্থা করিতে হইবে।

ণ) সর্বোপরি অনলাইন পরীক্ষা গ্রহণ সিস্টেম সম্পর্কে ছাত্র/ছাত্রী, প্রত্যবেক্ষক এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে প্রশিক্ষণ প্রদান করিতে হইবে।

ত) অনলাইনে পোস্ট গ্রাজুয়েট (PG) সেমিস্টার ফাইনাল পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য স্ব স্ব বিভাগের বিভাগীয় প্রধানগন ব্যবস্থা গ্রহন করিবেন।

থ) সেমিস্টার ফাইনাল পরীক্ষা স্ব-শরীরে নেওয়ার মত অবস্থা তৈরি হইলে এই রুলস এন্ড রেগুলেশন প্রযোজ্য হইবে না।

আদেশক্রমে,

(প্রফেসর ড. মোঃ সেলিম হোসেন)
রেজিষ্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- ১১৭/৪০

তারিখঃ ২৭ শ্রাবণ, ১৪২৮
১১ আগস্ট, ২০২১

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান ঃ-**

০১। সকল ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়। সকল ছাত্র/ছাত্রী-কে অবহিতকরণের অনুরোধসহ।
০২। সকল হল প্রভোষ্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
০৩। সকল শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। - উল্লেখিত বিজ্ঞপ্তি অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে অন্তর্ভূক্তকরণের অনুরোধসহকারে।
০৫। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয় ও উহার হলসমূহ।
০৬। সংরক্ষণ নথি।
০৭। নথি।

সহকারী রেজিষ্ট্রার
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।